2000Rs.

INDIA NON JUDICIAL

२००० रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES

District Sub-Registrar-III
South 24-Parganas, Alipore

:: সাফ বিক্রয় কোবালা দলিল :: -

মূল্য :- ৩০,০০০.০০ (ত্রিশ হাজার ) টাকা মাত্র ।

---

কোবালা গ্রহিতা ::- মহম্মদ খলিলুর রহমান , পিতা মহম্মদ জিল্লার রহমান ,

জাতি - মুসলমান , পেশা- সরকারী -চাকুরী ,

সাকিন - খলিফাবাদ, পোঃ- পাহাড়পুর, থানা- লালগোলা ,

মুর্শিদাবাদ ।

হাল সাকিন - টেলিকম হাউজিং কমপ্লেক্স , ব্লক- সি।৫ ,

ফ্ল্যাট নং - ১৫, ইছাপুর , জেলা - হাওড়া ।।

---

1000Rs.






কোবালা দাতা :-

শ্রী হেমেন্দ্র প্রসাদ ঘোষ, পিতা মৃত গিরীন্দ্র মোহন ঘোষ,
জাতি - হিন্দু, পেশা- চাকুরী,
সাকিন- ২নং হালদার বাগান, পোঃ- অফিস- রহড়া,
জেলা - ২৪ পরগণা ( উত্তর ) ॥

---

কস্য হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের নিম্ন তপশীলে বর্ণিত কমবেশ ২ কাঠা ১০ ছটাক ২২.৫ বর্গফুট পরিমিত সাবেক বিল হাল শালি জমি জমা যায় সংলগ্ন যাতায়াতের কমন প্যাসেজ ও রাস্তার সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০রু. Rs500

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

( ৩ )

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা টালিগঞ্জ তৎপর কশবা, হাল থানা তিলজলা, সাব রেজেষ্ট্রী অফিস সাবেক আলিপুর হাল শিয়ালদহ, বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৮ নং ওয়ার্ড ভুক্ত মৌজা- মাদুরদহ গ্রামে অবস্থিত অত্র জেলা কালেকটারির ২৯৯৮ নং তৌজিভুক্ত রে : সা: নং ২১২, জে : এল: নং ১২ ভুক্ত বিগত ডিষ্ট্রিকট সেটেলমেন্ট জরীপে ১৩৩ নং খতিয়ানে ৪৪৮ নং দাগস্থিত যাহা হাল রিভিসন্যাল জরীপে ১৯০ নং খতিয়ানের অন্তর্গত ৪৫৫ নং দাগের কমবেশ নেট ২ কাঠা ১০ ছটাক ২২.৫ বর্গ ফুট পরিমিত হাল শালি জমি জমা মায় সংলগ্ন যাতায়াতের প্যাসেজের বা রাস্তার সর্ববিধ ইজমেন্ট সুত্তাদি সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে।

উক্ত সম্পত্তি সহ অন্যান্য জমি জমা জনৈক কালীচরণ প্রামানিক দিগরের ইংরাজী - ৬.৭.৪৯ তারিখে খরিদা খাস দখলিয় সম্পত্তি থাকে। উক্ত সম্পত্তিতে উক্ত কালীচরন-

100Rs.






প্রামানিক গন খাসে ভোগ দখল করিতে থাকাবস্থায় বিগত ইংরাজী ১১।৮।৫০ তারিখে মোকাম আলিপুর সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির, ৬৬ নং ভল্যুমের ১১২ হইতে ১১৫ নং পাতায় লিখিত ৩৭৩২ নং একখন্ড মৌরসী মোকররী পাট্টা মূলে উক্ত মৌজাস্থিত বিগত জেলা জরিপের ১৩৩ নং খতিয়ান ভুক্ত ৪৪৮ নং দাগের বিল জমি জয়কৃষ্ণ প্রামানিক, হরেকৃষ্ণ প্রামানিক মহাশয়দ্বয় কে চিরস্হায়ী বন্দোবস্ত দিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ।

অতঃপর উক্ত জয়কৃষ্ণ প্রামানিক গণ উপরি উক্ত বিল জমি বন্দোবস্ত লইয়া তাহাতে মৎস্য চাষ দ্বারা উপস্বত্ব ভোগে ভোগবান দখলিকার অবস্থায় হাল রিভিসন্যাল জরিপ উপস্থিত হয় ।

10 Rs.

দস রুপয়ে

सत्यमेव जयते

भारत

INDIA

१०रु. TEN RUPEES 10Rs.



উক্ত হাল রিভিসন্যাল জরিপে উক্ত জয়কৃষ্ণ প্রামানিক ও হরেকৃষ্ণ প্রামানিক দ্বয় তাহাদের বন্দ্যোবস্ত লওয়া মাদুরদহ মৌজাস্থিত ১৯০ নং খতিয়ানে ৪৫৫ নং দাগে বিল জমি তাহাদের উভয়ের নামে চূড়ান্ত ভাবে রেকর্ড লিপিবদ্ধ হয় এবং তদনুসারে উহার ধার্য্য খাজনাদি আদায়ে খাজে ভোগ দখল করিতে থাকাবস্থায় বিক্রয়ের ঘোষণা করিলে, শ্রী জীবন কুমার বসু মহাশয় বিগত ইংরাজী ১৯৬০ সালে ২৫ শে জানুয়ারী তারিখে সম্পাদিত ও মোকাম আলিপুর সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির, ১২ নং ভল্যুমের ১৭১ হইতে ১৮৩ নং পাতায়লিখিত ৬১০ নং একক্তো কোবালা দলিল মূলে খরিদ করিয়া উহার মালিক দখলিকার হইয়া খাজে ভোগ দখলকরিতে থাকাবস্থায় নগদার্থের আবশ্যকে বিক্রয়ের ঘোষণা করিলে, আমার বায়া'' মহাতীর্থ''' সোসাইটি পক্ষে সভাপতি শ্রী দীপক কুমার মুখার্জী অবগত হইয়া বিগত ইংরাজী - ১৩।২।৮০ তারিখে মোকাম আলিপুর ডি : রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির -

৪৬ নং ভল্যুমের ১ হইতে ৫ নং পাতায় লিখিত ১৩৩ নং কোবালা দলিল মূলে খরিদ করিয়া উহার মালিক দখলিকার হইয়া জমির উন্নতি সাধন করত: ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করত: বিক্রয়ের জাহের‍ৎ করিলে, আমি অত্র কোবালা দাতা তাহা অবগত হইয়া বিগত ইংরাজী ৪।১২।৮৩ তারিখে মোকাম আলিপুর ডিষ্ট্রিক্ট রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১নং বহির ১০০ নং ভল্যুমের ১৫২ হইতে ১৫৭ নং পাতায় লিখিত ১৯৮৩ সনের ১৬৪৬ নং একিতা কোবালা দলিল মূলে রাস্তা সহ কমবেশ ৬ কাঠা ১৩ ছটাক ২৬ বর্গফুট হাল শালি জমি খরিদ করিয়া উহার ষোল আনা মালিক দখলিকার নিযুক্ত হইয়া খাসে ভোগ দখল করিয়া আসিতে থাকাবস্থায় যাতায়াতের সুবিধার্থে কমন প্যাসেজাদি বাহির করিয়া বাকি নেট ৫ কাঠা ৫ ছটাক জমি জমা নিজ খাস দখলে রাখিয়া ভোগ দখল করিয়া আসিতেছি এবং উহা বিক্রয় করিবার আমার সম্পূর্ন হক ও অধিকার বিদ্যমান আছে ।

এক্ষণে আমার নানাবিধ বৈধ কারণে নগদার্থের আবশ্যকে আমার খরিদা খাস দখলিয় সম্পত্তি মধ্যে দক্ষিণ দিকস্থ অত্র দলিল সাথ গ্রথিত নক্সায় লাল রংয়ের রেখার দ্বারা প্রদর্শিত নেট কমবেশী ২ কাঠা ১০ ছটাক ২২.৫ বর্গফুট শালি জমি বিক্রয়ের ঘোষণা করিলে, আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া উহার বর্ত্তমান বাজার উচিৎ মূল্য মং ৩০,০০০.০০( ত্রিশ হাজার )টাকায় খরিদ করিবার প্রস্তাব করিলে, আমি তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে উক্ত ধার্য্য পণ মূল্যের সমুদয় টাকা নিম্ন জায়মত গ্রহন করিয়া আপনার নাম বরাবর অত্র কোবালা দলিল সহি সম্পাদন করত: স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

অত্র নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার ছিল বা আছে তৎসমুদয় অদ্য আমা হইতে, রদ, রহিত, বিলুপ্ত হইয়া আপনার প্রতি বর্ত্তিল । আপনি অদ্য হইতে উহাতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান , মালিক দখলিকার হইয়া হাল মালিক সরকারে ও কলিকাতা কর্পোরেশানে আপনার নিজ নাম পত্তন করতঃ উহার খার্য্য ট্যাক্সাদি আদায়ে উহা দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্ব্ববিধ হস্তান্তর ও রূপান্তর করনের ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশানগনক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন ও থাকিবেন, তাহাতে আমরা মায় আমাদের ওয়ারিশানগনের কাহারও কোন ওজর আপত্তি রহিল না বা কেহ ভবিষ্যতে দাবী দাওয়াদি করিলেও তাহা অত্র দলিল বলে সর্ব্বত্র, সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর গণ্য হইবে ।

অত্র নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা হস্তান্তরাদি করি নাই বা উহাতে অপর কোন শরিক বা অংশীদার নাই বা উহা কাহারও জামিনে বা মর্টগেজে আবদ্ধ নহে, উহা কোন মামলা মোকদ্দমার বিষয় ভুক্ত নহে, উহা সরকার কর্ত্তৃক বা কোন প্রতিষ্ঠান কর্ত্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই, সম্পূর্ন নির্দায়, নির্দোষ অবস্থায় আমার খাস দখলে থাকাকালিন ও বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার থাকা অবস্থায় অত্র দলিল বলে আপনাকে বিক্রয় করতঃ উহার খাস দখল প্রদান করিলাম এবং আমরা মায় ওয়ারিশানগনক্রমে উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ।

আমার উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকতা বলিয়া প্রকাশ পায় তজ্জন্য আমি মাফিক আইন আমলে আসিতে বাধ্য রহিলাম, অন্যথায় আপনার দেয় পণের সমুদয় টাকা দায় ক্ষতি খেসারতাদি সহ এককালিন ওয়ারিশানগনক্রমে ফেরৎ দিতে বাধ্য ও সম্মত রহিলাম ও রহিবেক ।

অত্র দলিল সাথ গ্রথিত নকসায় প্রদর্শিত বিক্রীত সম্পত্তি সাথ সংলগ্ন পশ্চিম দিকস্থ ৮' প্রশস্ত কমন প্যাসেজ ও দক্ষিণ দিকস্থ রাস্তার উপর দিয়া আপনি ওয়ারেশ গনক্রমে অবাধে যাতায়াত করিতে পারিবেন এবং উহার উপর ও তলদেশ দিয়া নিজ খরিদা সম্পত্তিতে ইলেকট্রিক, জলকলের কানেকশন, ড্রেণ ইত্যাদি যাবতীয় প্রয়োজনীয় কার্য্যাদি নিজ খরচায় ওয়ারিশানগনক্রমে করিয়া লইতে পারিবেন ।

কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে বা অন্যান্য অফিসাদিতে আপনার নাম পত্তনের আবশ্যকে আমার দ্বারা সহি সাবুদ এর আবশ্যক হইলে আপনার অনুরোধে উক্ত প্রকারের সহি সাবুদ করিয়া দিতে সম্মত রহিলাম।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন প্রকারের ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তজ্জন্য কোন সংশোধন দলিল করিবার আবশ্যক হয় তাহাত আমিবিনা পণ গ্রহনে, আপনার খরচায় আপনার অনুকূলে উক্ত প্রকারের সংশোধনী দলিল সহি সম্পাদন করতঃ রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিবেক ।

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, স্বেচ্ছায়, সুজ্ঞানে, অন্যের বিনানুরোধে, নিজ হিতার্থে অত্র দলিল পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া ও মূল্যের সমুদয় টাকা নিয়ু জায়মত গ্রহন করিয়া আপনার নাম বরাবর কোবালা দলিল সহি সম্পাদন করিলাম । ইতি তাং ইংরাজী ২২/৬/৯৫

:: তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ::-

জেলা- দক্ষিণ ২৪ পরগণা, থানা- টালিগঞ্জ পরে কশবা হাল থানা- তিলজলা, সাব রেজেষ্ট্রী অফিস শিয়ালদহ, জেলা রেজেষ্ট্রী অফিস আলিপুর, অত্র জেলা কালেকটারির ২১৯৮ নং তৌজিভুক্ত রে : সাঃ নং ২১২, জে : এলঃ নং ১২, পরগণা- কলিকাতাস্থিত বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০৮ নং ওয়ার্ডের অন্তর্গত মৌজা- মাদুরদহ গ্রামে অবস্থিত হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের বিগত ডিষ্ট্রিক্ট সেটেলমেন্ট জরিপে ১৩৩ নং খতিয়ানের ৪৪৮ নং দাগের যাহা হাল রিভিসন্যাল জরিপের ১৯০ (একশত নব্বুই ) নং খতিয়ানের অন্তর্গত হাল ৪৫৫ (চারিশত পঞ্চান্ন ) নং দাগস্থিত সাবেক বিল হাল শালি জমি মধ্যে দলিল গর্ভে বর্ণিত মোতাবেক আমার খরিদা মোট ৫ কাঠা ৫ ছটাক হাল শালি জমি জমা মধ্যে অত্র দলিল সাথ গ্রথিত নক্সায় লাল রংয়ের রেখার দ্বারা প্রদর্শিত দক্ষিণ দিকস্থ কমবেশ মোট ২ (দুই )কাঠা ১০ (দশ ) ছটাক ২২.৫ (বাইশ পয়েন্ট পাঁচ ) বর্গফুট হাল শালি জমি জমা যায় সংলগ্ন যাতায়াতের নিমিত্ত পশ্চিম দিকস্থ(৮-৮)প্রশস্ত কমন প্যাসেজের ও রাস্তার সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।

উহার হারাহারি বার্ষিক খাজনা ২০ পয়সা মাত্র মালিক পশ্চিম বঙ্গ সরকার পক্ষে আদায় দিতে হয় । বিক্রীত সম্পত্তিতে চাষাবাদ হইতেছে ।

দলিল সাথ গ্রথিত নক্সা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

শ্রী হেমেন্দ্র প্রসাদ ঘোষ

( ১০ )

:: উহার চৌহদ্দি ::-

উত্তর ::- ৪৫৫ নং দাগের এইচ, পি, জাস এর জমি জমা ।

দক্ষিণ ::- রাস্তা ।

পূর্ব ::- শ্রীমতী সন্ধ্যা ঘোষ এর জমি জমা ।

পশ্চিম::- (৮'+৮') প্রশস্ত কমন প্যাসেজ ।

:: টাকার আয় ::-

অদ্যরোজ ১০০ একশত টাকার নোট হিসাবে ৩০০ কেতায় - ৩০,০০০.০০ টাকা

যবলগে ত্রিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম ।

শ্রী হেমেন্দ্র প্রসাদ ঘোষ

ইসাদী:

(১) [illegible]

৪-এ, [illegible] রোড, [illegible] কলিকাতা-৩৪

(২) Pradyut Kumar Mullick
Alipore Police Court
Cal-27

মুসাবিদাকারক :-
Sarat Chandra Nath
Advocate
WB/1119/64
Alipore Police Court
Calcutta 27

টাইপকারক :-
শ্রী শৈলেন দানা
শ্রী শৈলেন দানা
আলিপুর, কলিকাতা - ২৭ ।

SITE PLAN OF PART OF C.S. & R.S. DAG NO.-448 & 455, J.L. NO.-12, KHATIAN NO.-190, SHEET NO-2, REF. PLOT NO.-5 (PART), UNDER MOUZA-MADURDAHA, P.S. TILJALA, DIST.-24 PARGANAS(S).

SCALE :- 30'-0" = 1".

AREA OF LAND:- 2 K.-10 CH.-22.5 SFT. SHOWN BY RED COLOUR

SELLER :- HEMENDRA PRASAD SHOME.

PURCHESER :- MD. KHALILUR RAHAMAN.

